

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিশি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং- স্বাপকম/চিশি-২/বিবিধ-৬/২০১৪/ ৪৬৭


তারিখঃ ২২/০৫/২০১৪ খ্রি:

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত।

গত ১১-০৩-২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত “জাতীয় স্বাস্থ্য কাউন্সিল” এর সভায় মাননীয় প্রধানমন্ত্রী নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেনঃ

“স্বাস্থ্য সেবায় নিয়োজিত জনবল কাঠামোকে ভারসাম্য করার লক্ষ্যে নার্সিং ও টেকনোলজিষ্ট এর সংখ্যা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এ লক্ষ্যে প্রাইভেট মেডিকেল কলেজগুলোতে নার্সিং ইনসিটিউট ও হেলথ টেকনোলজী ইনসিটিউট প্রতিষ্ঠার বিষয়টি সংশ্লিষ্ট করতে হবে।”

২। বর্ণিতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর উপর্যুক্ত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত দেশের সকল বেসরকারী মেডিকেল কলেজগুলোতে বিদ্যমান বেসরকারী খাতে মেডিকেল টেকনোলজি ইনসিটিউট স্থাপন নীতিমালা-২০১০ অনুযায়ী মেডিকেল টেকনোলজি ইনসিটিউট এবং বেসরকারী পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং ইনসিটিউট স্থাপন নীতিমালা-২০০৯ অনুযায়ী নার্সিং ইনসিটিউট স্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৬৯০

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ- পরিচালক-চিশিজ)।
- ২। পরিচালক, সেবা পরিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৩। সভাপতি/ সম্পাদক, বাংলাদেশ বেসরকারী মেডিকেল এসোসিয়েশন।
- ৪। অধ্যক্ষ,-----।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সিনিয়র সহকারী সচিব, নার্সিং শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।